

স্মারক নম্বর: ৫৩.০৪.০০০০.০২১.৯৯.০১৪.২২, ৬৫৯

তারিখ: ২৯ ফাল্গুন, ১৪৩০
১৩ মার্চ, ২০২৪

বিষয়: সর্বজনীন পেনশন স্কিম এ অন্তর্ভুক্তির লক্ষ্যে এমআরএ’র সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান হিসেবে সর্বজনীন পেনশন স্কিমে নিবন্ধীকরণ।

সূত্র: ৫৩.০৪.০০০০.০২১.৯৯.০১৪.২৪.২৯১, তারিখ: ০৫/০২/২০২৪

প্রিয় মহোদয়,


আপনারা অবগত আছেন যে, সর্বজনীন পেনশন স্কিমের আওতায় ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের কর্মকর্তা, কর্মচারী ও গ্রাহকদের অন্তর্ভুক্তির জন্য এমআরএ এবং জাতীয় পেনশন কর্তৃপক্ষের মধ্যে গত ২৬-১২-২০২৩ তারিখে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে এবং সূত্রোক্ত পত্রের মাধ্যমে প্রতিষ্ঠানের কর্মকর্তা, কর্মচারী, গ্রাহক ও আগ্রহী জনগণকে সর্বজনীন পেনশন স্কিমের আওতাভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং নিয়মিত এতদসংক্রান্ত মাসিক প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়েছে। ইতোমধ্যে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান নিবন্ধীকরণের জন্য জাতীয় পেনশন স্কিমের ওয়েব পোর্টালের সাথে API এর মাধ্যমে ইন্টিগ্রেশনও সম্পন্ন হয়েছে। যার ফলে <https://www.upension.gov.bd/Public/CompanyRegistration> লিংকে এমআরএ’র সনদ নম্বরের মাধ্যমে জাতীয় পেনশন কর্তৃপক্ষের সাথে প্রতিষ্ঠানের নিবন্ধনের সুযোগ সৃষ্টি হয়েছে। এছাড়া উক্ত বিষয়ে ০৭/০৩/২০২৪ তারিখে online এ সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

২। লিংক ও খাপসমূহ নিম্নরূপ:

বেসরকারী প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন>আমি সম্মত আছি>রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ নির্বাচন>মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি>এমআরএ’র সনদ নম্বর>রেজিস্ট্রেশনের তারিখ (এমআরএ’র সনদ প্রাপ্তির তারিখ)>প্রতিষ্ঠানের নাম ইংরেজীতে>প্রতিনিধির নাম (ফোকাল পার্সন)>প্রতিনিধির মোবাইল নম্বর>ই-মেইল এ্যাড্রেস>ক্যাপচা প্রদানকরণ>পরবর্তী পেইজ>রেজিস্ট্রেশন সম্পন্ন।

৩। এমআরএ থেকে ০৭/০৩/২০২৪ তারিখে রেজিস্ট্রেশন বিষয়ে একটি ভিডিও প্রেরণ করা হয়েছে। ভিডিও-টি <https://t.ly/rlqeL> লিংকে পাওয়া যাবে।

৪। এমআরএ’র মাধ্যমে, উক্ত [<https://www.upension.gov.bd/Public/CompanyRegistration>] লিংকে প্রবেশ করে প্রতিষ্ঠানের নিবন্ধন সম্পন্ন করার জন্য এবং নিম্নোক্ত লিংকে <https://shorturl.at/dgnHS> প্রতিমাসের ১ ও ১৫ তারিখে পেনশন স্কিম নিবন্ধন বিষয়ক প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


তারিখ: ০৬/০৩/২০২৪
মোঃ মিনহাজুল ইসলাম
উপপরিচালক
ফোন: ৫৮৩১৭২৮২

প্রধান নির্বাহী কর্মকর্তা
সনদপ্রাপ্ত সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান।